

স্মারকনং : উঃ স্বঃকমঃ/সোনারগাঁও/২০১৯/

তারিখঃ /০৮/২০১৯ইং।

অফিস আদেশ

এই মর্মে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, সোনারগাঁ, নারায়ণগঞ্জ এবং এর আয়ত্বাধীন মাঠ পর্যায়ের সকল কর্মকর্তা ও কর্মচারীদের নির্দেশ প্রদান করা যাচ্ছে যে, সম্প্রতি সারা দেশে ডেঙ্গু জ্বরের প্রকোপ বেড়ে গেছে। এমতাবস্থায়, ডেঙ্গু বিষয়ে জনসাধারণের মধ্যে সতর্ক ও সচেতনতামূলক বার্তা প্রচারের জন্য সকলকে নির্দেশ প্রদান করা হলো। মাঠ পর্যায়ে কর্মরত কর্মচারীদেরকে আইপিসি, ইপিআই সেশন, কমিউনিটি ক্লিনিক, ইউনিয়ন উপ-স্বাস্থ্য কেন্দ্র ও শিক্ষা প্রতিষ্ঠানে স্বাস্থ্য শিক্ষা প্রদানের সময় নিম্নলিখিত বার্তাসমূহ প্রচার করার জন্য নির্দেশ প্রদান করা হলো:

ডেঙ্গু জ্বর প্রতিকারে করণীয়:

- ১। জ্বর হলে নিকটস্থ হাসপাতালে অভিজ্ঞ ডাক্তারের পরামর্শ নিন।
- ২। জ্বর শুরুর পঞ্চম দিনের মধ্যে NS1Ag পরীক্ষা করুন।
- ৩। জ্বরে প্যারসিটামল ব্যতীত অন্য কোন ব্যথানাশক ঔষধ সেবনে বিরত থাকুন। রোগীকে বেশি বেশি তরল খাবার খাওয়ান।
- ৪। জ্বর ভাল হওয়ার পরও ডেঙ্গুজনিত মারাত্মক জটিলতা দেখা দিতে পারে। তাই সতর্ক থাকুন এবং হাসপাতালে চিকিৎসা গ্রহণ করুন।

ডেঙ্গু জ্বর প্রতিরোধে করণীয়:

- ১। বর্ষায় (এপ্রিল-অক্টোবর) ডেঙ্গু জ্বরের প্রকোপ বাড়ে। এ সময় অধিক সতর্ক থাকুন।
- ২। ডেঙ্গু জ্বরের বাহক এডিস মশা পরিষ্কার পানিতে বংশ বিস্তার করে। অতএব, অফিস, ঘর ও আশে পাশে পানি জমতে দিবেন না।
- ৪। যে কোন পাত্রে জমিয়ে রাখা/জমে থাকা পানি তিন দিনের মধ্যে পরিবর্তন করুন।
- ৫। এডিস মশা সাধারণত দিনের বেলায় কামড়ায়। যথাসম্ভব লম্বা পোশাক পড়ুন। দিনের বেলায় এবং রাতে ঘুমানোর সময় মশারী ব্যবহার করুন।

১১১০৯৪

(ডাঃ হালিমা সুলতানা হক)

কোড নং ১১১০৯৪

উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা
সোনারগাঁ, নারায়ণগঞ্জ।

তারিখঃ ০১/০৮/২০১৯ইং।

স্মারকনং : উঃ স্বঃকমঃ/সোনারগাঁও/২০১৯/ ২২৬৮৭২ (৩)

অনুলিপি সদয় জ্ঞাতার্থে:

- ১। সিভিল সার্জন, নারায়ণগঞ্জ।
- ২। অফিস কপি।

অনুলিপি কার্যার্থে:

- ১। জনাব.....সোনারগাঁ, নারায়ণগঞ্জ।

১১১০৯৪

০১/০৮/২০১৯

(ডাঃ হালিমা সুলতানা হক)

কোড নং ১১১০৯৪

উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা
সোনারগাঁ, নারায়ণগঞ্জ।

১১১০৯৪